গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

রাজবাড়ী সদর উপজেলার সেপ্টেম্বর/ ২০২১ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : ফাহমি মো: সায়েফ
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ১৩/০৯/২০২১ খ্রি:।

সময় : বেলা ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সকলকে সামাজিক দূরত্ব বজায় রেখে ও বাধ্যতামূলক মাস্ক ব্যবহার করার আহবান জানান।

০২. **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন** : বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংযোজন বা বিয়োজন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। জুলাই/২০২১ ও আগষ্ট/২০২১ মাসের তুলনামূলক অপরাধ চিত্র সভায় পর্যালোচনা করা হয়।

০৩. **উপজেলার অপরাধ প্রবণতা** : জুলাই /২০২১ ও আগষ্ট/২০২১ মাসের তুলনামূলক অপরাধ চিত্র নিম্নের ছকে দেখানো হলো :

মাসের নাম	খুন	ধর্ষণ	ডাকাতি/ রাহাজানী	চুরি	বিশেষ ক্ষমতা	অস্ত্র উদ্ধার	জুয়া আইনে মামলা	নারী ও শিশু নির্যাতন অপরাধ	প্রতারণা / মানবপাচার মামলা	মাদক মামলা	বিস্ফোরক মামলা	সড়ক দুর্ঘটনা	অন্যান্য	মোট	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
আগষ্ট/২০২১	১	-	-	৮	-	-	-	৫	-	২৫	-	-	১৪	৫৩	
জুলাই/২০২১			২	২				০২		২৩		০২	১১	৪২	
	বৃদ্ধি	-	হ্রাস	বৃদ্ধি	-	-	-	বৃদ্ধি	-	বৃদ্ধি	-	হ্রাস	বৃদ্ধি	বৃদ্ধি	

উক্ত তুলনামূলক তথ্যাদি পর্যালোচনায় দেখা যায়, জুলাই/২০২১ মাসে ডাকাতি-০২টি, চুরি- ০২ টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০২ টি, মাদক অপরাধ-২৩ টি, সড়ক দূর্ঘটনা ০২ টি, অন্যান্য-১১ টি সহ মোট ৪২ টি ও আগষ্ট/২০২১ মাসে খুন-০১, চুরি- ০৮ টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৫ টি, মাদক অপরাধ-২৫ টি ও অন্যান্য-১৪ টি সহ মোট ৫৩ টি অপরাধ অপরাধ সংঘটিত হয়েছে। উপজেলার সার্বিক অপরাধ প্রবণতা জুলাই/২০২১ মাসের তুলনায় আগষ্ট/২০২১ মাসে কিছুটা বৃদ্ধি পেয়েছে।

সিদ্ধান্ত : রাজবাড়ী সদর উপজেলার সার্বিক অপরাধ পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণে তৎপর হতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অনুরোধ করা হলো।

বাস্তবায়নে : অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।

০৪. **জঙ্গীবাদের কুফল বিষয়ে আলোচনা** : সভাপতি জঙ্গীবাদের কুফল বিষয়ে আলোচনায় অংশ নিয়ে বর্তমান অবস্থার প্রেক্ষাপটে সরকারের নির্দেশনা অনুযায়ী উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজবাড়ী ও সভাপতি, ইমাম কমিটি, রাজবাড়ী এবং উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা, সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের প্রতি শুক্রবার মসজিদে নামাজ আদায় কালে খুৎবার পূর্বে মাদকের ভয়াবহতা, জঙ্গীবাদ, সন্ত্রাস ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে পবিত্র কুরআন ও হাদিসের আলোকে ০৫ মিনিট নিয়মিত বক্তব্য প্রদানের বিষয়টি নিশ্চিত করতে অনুরোধ জানানো হয়। তাদেরকে প্রত্যেক শুক্রবার ভিন্ন ভিন্ন মসজিদে নামাজ আদায় করার জন্য অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত : জঙ্গীবাদের কুফল সম্পর্কে প্রতি শুক্রবার জুম্মার নামাজের পূর্বে বক্তব্য প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে: উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন,রাজবাড়ী,সভাপতি, ইমাম কমিটি,রাজবাড়ী এবং রাজবাড়ী সদর উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তা ও সকল ইউ,পি চেয়ারম্যান।

০৫. মাদক বিরোধী অভিযান : জনাব দেওয়ান মোহাম্মদ জিল্লুর রহমান, পরিদর্শক, মাদক নিয়ন্ত্রন অধিদপ্তর, সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, জেলা আইন শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক পাঁচুরিয়া ইউনিয়নকে মাদকমুক্ত করার ঘোষণা করা হয়েছে। সে জন্য উক্ত ইউনিয়নের চেয়ারম্যান, আনসার সদস্যদের মাধ্যমে তালিকা করার নির্দেশনা প্রদান করা হয়েছে। তিনি বলেন, মাদকের প্রবণতা রোধে নিয়মিত অভিযান পরিচালনা করা হয় এবং সকলে মাদকের বিরুদ্ধে সোচ্চার আছে ও থাকবে মর্মে অঙ্গীকার করেন।

সিদ্ধান্ত : রাজবাড়ী সদর উপজেলার মাদকদ্রব্য ক্রয়-বিক্রয় করা হয় এমন স্পটসমূহ চিহ্নিত ও মাদকের গডফাদারদেরকে গ্রেফতার করে আইনের আওতায় আনার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ বিভাগ, র‍্যাব এবং স্থানীয় প্রশাসনের যৌথ উদ্যোগে লাগাতার অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : অফিসার-ইন-চার্জ, রাজবাড়ী থানা, পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী সার্কেল ও সকল ইউ,পি চেয়ারম্যান ।

০৬. উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সংশ্লিষ্ট সকল বিষয়াদি নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত:

সভাপতি অপরাধ চিত্র পর্যালোচনা করে বলেন যে, চলতি মাসে অপরাধ প্রবণতা কিছুটা বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন, গতকাল জেলা আইন শৃঙ্খলা কমিটির সভা হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী এক মাসের মধ্যে রাজবাড়ী সদর উপজেলার পাঁচুরিয়া ইউনিয়নকে মাদকমুক্ত ইউনিয়ন হিসাবে ঘোষনা করার প্রস্তাব করা হয়েছে। তিনি বলেন, শুধু পাঁচুরিয়া ইউনিয়নেই নয় সকল ইউনিয়নকেই মাদক মুক্ত করতে হবে । ফলে রাজবাড়ী সদর উপজেলাকেই মাদকমুক্ত উপজেলা হিসাবে ঘোষণা করতে পারি আর এ চেষ্টা আমাদের সকলকেই একসাথে করতে হবে। অত:পর, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও উপস্থিত সকল সদস্য/সুধীজনের বক্তব্য ও মতামতের আলোকে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৬.১	জনাব আলমগীর হোসেন, চেয়ারম্যান, পাঁচুরিয়া ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভালো। তবে তার ইউনিয়ন একসময় মাদকের আখড়া ছিল। প্রতিদিন নতুন নতুন অনেক মোটর সাইকেলে করে অনেক উঠতি বয়সী ছেলেরা এখানে আসত। মোটর সাইকেলে এখানে অনেক মাদক ক্রয়-বিক্রয় হতো। আমি বিভিন্ন ভাবে সকলের সহযোগিতায় সেটা অনেকটা কমাতে সক্ষম হয়েছি। তবে পুরোপুরি নির্মূল হয় নাই। পাঁচুরিয়া ইউনিয়কে মাদকমুক্ত করতে হলে যারা কক্সবাজার ও অন্যান্য এলাকা থেকে ইয়াবা ও বিভিন্ন প্রকার মাদক নিয়ে আসে তাদের ধরে আইনের আওতায় আনতে হবে। ছোট ভাকলা ও বরাট ইউনিয়নের বর্ডারে বড় মাদক ব্যবসায়ীর বাড়ী। মাঝে মধ্যে মাদক ব্যবসায়ীকে পুলিশ গ্রেফতার করে নিয়ে যায় কিছুদিন পর আইনের ফাঁক দিয়ে তারা আবার বেড়িয়ে আসে। ফলে অনেকের সাহস বেড়ে যায়। তিনি জেলা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী তার ইউনিয়ন কে মাদকমুক্ত করতে সার্বিক সহযোগিতা করবেন মর্মে উল্লেখ করেন।	পাঁচুরিয়া ইউনিয়নকে মাদক মুক্ত করতে সার্বিক সহযোগিতা করতে হবে।	১। অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ,পরিদর্শক, মাদক নিয়ন্ত্রন অধিদপ্তর, রাজবাড়ী ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান।
৬.২	জনাব মো: রোকনুজ্জামান, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি জানান তার দাপ্তরিক কার্যক্রম ভাল চলছে। বানীবহ ইউনিয়নের বিভিন্ন বিলে কারেন্ট জাল দিয়ে মাছ ধরা হচ্ছে এ বিষয়ে তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর নিকট জানতে চান। এছাড়া সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে কারেন্ট জাল এর বিষয়ে তথ্য দিয়ে সহযোগিতার জন্য অনুরোধ করেন। তথ্যের ভিত্তিতে কারেন্ট জাল এর উপর প্রশাসনের সহযোগিতায় মোবাইল কোর্ট করা হবে মর্মে জানান।	কারেন্ট জাল এর বিষয়ে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান তথ্য দিয়ে সহযোগিতা করবেন।	উপজেলা প্রশাসন ও উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর।
৬.৩	জনাব নাছরিন আক্তার, উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন যে, গতকাল থেকে বিদ্যালয় খুলেছে। রাজবাড়ী সদরের ঢাকা-কুষ্টিয়া মহাসড়কে ড্রেন নির্মানের কাজ হচ্ছে। শ্রীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যেতে ঢাকা-কুষ্টিয়া মহাসড়কের পাশে নির্মান কাজের সামগ্রী ইট, বালু, খোয়া রাস্তার উপর এমনভাবে রেখেছে যে বাচ্চারা বিদ্যালয়ে আসা যাওয়ার পথে বড় ধরণের দূর্ঘটনা ঘটতে পারে। এর আগে স্কুলের সামনে নির্মান সামগ্রীর জন্য দুটি বড় দূর্ঘটনা ঘটেছে।তিনি নির্মান কাজের সামগ্রী (ইট, বালু, খোয়া) রাস্তার উপর থেকে দ্রুত অপসারণের জন্য অনুরোধ জানান।	ঢাকা-কুষ্টিয়া মহাসড়কে পাশে নির্মান কাজের সামগ্রী ইট, বালু, খোয়া রাস্তার উপর থেকে অপসারণের ব্যবস্থা করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, রাজবাড়ী ও সংশ্লিষ্ট ঠিকাদার।
৬.৪	জনাব জনাব শামীমা আক্তার (মুনমুন), সহযোগী অধ্যাপক, ডা: আবুল হোসেন কলেজ সভায় বক্তব্য প্রদান করেন| তিনি বলেন, মাদক মুক্ত ইউনিয়ন হিসাবে পাঁচুরিয়াকে টার্গেট করা হয়েছে। খুব ভালো একটি উদ্যোগ নেওয়া হয়েছে। আস্তে আস্তে এক এক ইউনিয়নকে মাদক মুক্ত করে রাজবাড়ী সদর উপজেলাকে মাদকমুক্ত করতে হবে।	দ্রুত রাস্তা ও ড্রেন নির্মান ও মেরামতের কাজ শেষ করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, রাজবাড়ী ও সংশ্লিষ্ট ঠিকাদার।

	তরুন প্রজন্মকে গড়ে তোলার জন্য মানসম্মত শিক্ষার বিকল্প নাই। গাইড ও কোচিং বাণিজ্য বন্ধ করার অনুরোধ জানান। সামাজিক অবক্ষয় কিভাবে রোধ করা যায় সে বিষয়ে আমাদের সকলকে এখনই ভাবতে হবে। টিএন্ডটি ও শিল্পকলা একাডেমী, রাজবাড়ীর সামনে রাস্তার ড্রেন ভাঙ্গার কারণে কিছুদিন আগে দূর্ঘটনা ঘটেছে। এ বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্যও অনুরোধ জানান।		
৬.৫	জনাব মো: সদর আলী, সহকারী শিক্ষক, রাজবাড়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, গতকাল বিদ্যালয় খুলেছে। আমরা সকলে সামাজিক দূরত্ব ও মাস্ক পরিধানের বিষয়ে সচেতন আছি। বখাটেরা প্রায়ই মেয়েদের বিদ্যালয়ে আসার পথে উত্যাক্ত করে এ বিষয়ে ব্যবস্থা নিতে তিনি সভায় অনুরোধ জানান।	বিদ্যালয়ে সামাজিক দূরত্ব ও মাস্ক পরিধানের বিষয়ে সচেতন থাকতে হবে।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ ও অভিভাবকবৃন্দ।
৬.৬	জনাব মীর্জা বদিউজ্জামান, চেয়ারম্যান, বসন্তপুর ইউনিয়ন পরিষদ রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভালো। তার ইউনিয়নে আলহাজ্ব আকবর আলী মর্জি কলেজের হলরুমে চোর ঢুকে ১১ (এগার) টি ফ্যান চুরি করে নিয়ে গেছে। তার ধারণা স্বাধীনতা বিরোধী কুচক্রীমহল এটা করেছে। এ বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য তিনি অনুরোধ জানান।	রাতে শিক্ষা প্রতিষ্ঠানে নৈশপ্রহরী / পাহাড়ার থাকার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ ও অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.৭	জনাব শেখ গোলাম মোস্তফা বাচ্চু, চেয়ারম্যান, বানীবহ ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভালো। প্রতিটি ইউনিয়নকে এক এক করে মাদকমুক্ত করার প্রস্তাব করার জন্য মাননীয় জাতীয় সংসদ সদস্য রাজবাড়ী-১ কে ধন্যবাদ জানান। তার এলাকায় শাহাদত, সোহেল, শাহিন নামের তিনটি ছেলে মিলে একটি দোকান ভাড়া নিয়ে সেখানে জুয়া, মাদক ও তাস খেলে। তাকে গ্রাম পুলিশ দিয়ে সতর্ক করলে তারা তোয়াক্কা না করে নিজেদের ইচ্ছা মতো কাজ করছে। তার ইউনিয়নে ছিঁচকে চুরি বেড়ে গেছে। ছিচকে চোর সুমন খুবই ধূর্ত। সে বিভিন্ন অপরাধ করে আইন শৃঙ্খলা বাহিনীর হাতে ধরা পরে আইনের ফাঁক দিয়ে বেড়িয়ে যায়। বারিগ্রাম বিলে চায়না জাল দিয়ে মাছ ধরা হতো। আইন শৃঙ্খলা বাহিনী সেখানে গিয়ে জাল পুড়িয়ে ফেলেছে। গোপনে বাল্যবিবাহ হচ্ছে এ বিষয়ে দৃষ্টি দিতে আইন-শৃঙ্খলা বাহিনীকে অনুরোধ জানান।	জুয়া, মাদক ও তাস খেলা বন্ধের বিষয়ে ব্যবস্থা নিতে হবে।	১। অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ও ২। সংশ্লিষ্ট ইউ,পি চেয়ারম্যান।
৬.৮	জনাব মো: রেজাউল করিম (লাল) চেয়ারম্যান, খানখানাপুর ইউনিয়ন পরিষদ রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, খানখানাপুর স্কুল এন্ড কলেজ দীর্ঘ দিন কোভিড-১৯ এর কারণে বন্ধ ছিল। শিক্ষা প্রতিষ্ঠান খোলার নির্দেশনার পর বিদ্যালয় পরিস্কারের জন্য খোলা হলে দেখা যায় আলমারীর পিছন দিকে একটি জানালা ভেঙ্গে চোর ঢুকে বেশ কিছু বৈজ্ঞানিক যন্ত্রপাতি চুরি করে নিয়ে গেছে। এ বিষয়ে থানায় ডায়রি করা হয়েছে পুলিশ এসে তদন্ত শুরু করেছে। আমরা সকলে তৎপর আছি। খানখানাপুর বাজারের গুরুত্বপূর্ণ স্থানে সিসি ক্যামেরা লাগানোর উদ্যোগ গ্রহণের জন্য খানখানাপুর ইউনিয়নের বাজারের ব্যবসায়ীরা খুবই খুশি হয়েছে। তিনি সকলের পক্ষ থেকে সভাপতিকে ধন্যবাদ জানান।	রাতে শিক্ষা প্রতিষ্ঠানে নৈশপ্রহরী / পাহাড়ার থাকার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.৯	জনাব মো: শওকত হাসান, চেয়ারম্যান, আলীপুর ইউনিয়ন পরিষদ রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি জানান যে, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভাল। তবে তার ইউনিয়নে মাদকের ব্যাপকতা বৃদ্ধি পেয়েছে। সামনে ইউনিয়ন পরিষদ নির্বাচন। সে কারণে কিছু কুচক্রী ব্যক্তি সম্মানী লোকের আইডি হ্যাক করে সম্মান নষ্টের চেষ্টা করছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি আইন শৃঙ্খলা বাহিনীকে অনুরোধ জানান।	সুস্পষ্ট নাম ও মোবাইল নম্বরসহ অভিযোগ করতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.১০	বীর মুক্তিযোদ্ধা, জনাব আ: জলিল, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার, রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, গতকাল থেকে শিক্ষা প্রতিষ্ঠান খুলেছে সবাইকে স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে যাতে করে বিদ্যালয় আবার বন্ধ না হয়ে যায়। তিনি বালিকা বিদ্যালয়ের সামনে বখাটেদের উৎপাত বন্ধ করতে এবং ঢাকনাবিহীন বালির ট্রাকের বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য আইন শৃঙ্খলা বাহিনীর প্রতি অনুরোধ করেন।	স্বাস্থ্য বিধি মেনে বিদ্যালয়ের বিভিন্ন কার্যক্রম পরিচালনা করতে হবে।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ।
৬.১১	বীর মুক্তিযোদ্ধা জনাব এস,এম নওয়াব আলী ও সদস্য, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, রাজবাড়ী সদর বলেন রাজবাড়ী সদরের আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভাল। শিক্ষা প্রতিষ্ঠানের সামনে বখাটেদের উৎপাত বন্ধে বিদ্যালয়ের ম্যানিজিং কমিটি ও অভিভাবকদের দায়িত্ব নিতে হবে শুধু আইন শৃঙ্খলা বাহিনীর প্রতি দায়িত্ব ছেড়ে দেওয়া যাবেনা। যারা বেশী উশৃঙ্খল তাদের বিষয়ে আইন শৃঙ্খলা বাহিনী ব্যবস্থা	বখাটেদের উৎপাত বন্ধে বিদ্যালয়ের ম্যানিজিং কমিটি ও অভিভাবকদের দায়িত্ব নিতে হবে।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ ও ম্যানিজিং কমিটির সদস্যবৃন্দ।